# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 JULY 2025 7:45—7:55 PM IST**

==================================================

১) মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার কোকরাঝার মেডিকেল কলেজ ও হাসপাতালের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিভাগ পরিদর্শন ।

২) নিখিল ভারত কংগ্রেস কমিটির সভাপতি মল্লিকার্জুন খার্গে , সাধারণ সম্পাদক কে সি বেণুগোপাল এবং লোকসভার বিরোধী দলপতি রাহুল গান্ধীর আসাম প্রদেশ কংগ্রেসের কর্মীসভা এবং সতীর্থ সম্মেলনে অংশ গ্রহণ ।

৩) বরাক উপত্যকা সহ আপার আসাম ও লোয়ার আসামের বেশ কয়েকটি জেলায় জাপানীজ এনকেফেলাটিস ও ম্যালরিয়ার প্রাদুর্ভাব । রোগ প্রতিরোধের জন্য স্বাস্থ্য বিভাগের তৎপরতা ।

৪) উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজারের রঙ্গিয়া সংমন্ডলের অধীন বেশকয়েকটি রেল স্টেশন পরিদর্শন ।

এবং

৫) ডিমা হাসাও জেলার হাংগ্রুম গ্রামে নির্মীয়মান জাতিয় সড়কে আজ সকালে ভুমিধ্বসে একজনের মৃত্যু এবং সাতজন আহত ।

---------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ কোকরাঝার মেডিকেল কলেজ ও হাসপাতালের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিভাগ পরিদর্শন করেন । মূখ্যমন্ত্রী প্রতিষ্ঠানটির চিকিৎসক , নার্স এবং ছাত্র ছাত্রীদের সঙ্গে মত বিনিময় করার পর স্বাস্থ্যসেবা সম্প্রসারণের ক্ষেত্রে থাকা সমস্যাসমূহ সমাধানের জন্য আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন । মূখ্যমন্ত্রীর পরিদর্শনকালে মন্ত্রী উর্খাও গৌরা ব্রহ্ম,সাংসদ রনগৌরা নার্জারী ছাড়াও বেশ কয়েকজন শীর্ষ আধিকারিক উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

নিখিল ভারত কংগ্রেস কমিটির সভাপতি মল্লিকার্জুন খার্গে , সাধারণ সম্পাদক কে সি বেণুগোপাল এবং লোকসভার বিরোধী দলপতি রাহুল গান্ধী আজ আসাম প্রদেশ কংগ্রেসের কর্মীসভা এবং সতীর্থ সম্মেলনে অংশ নেন । তারা কংগ্রেসের জেলা সভাপতিদের সঙ্গে বৈঠকেও মিলিত হন । আসাম প্রদেশ কংগ্রেসের সভাপতি গৌরব গগৈ, রাজনীতিক পরিক্রমা সদস্য, প্রদেশ কংগ্রেসের সদস্য,সাংসদ ,বিধায়ক এবং দলের জেলা সভাপতিদের সঙ্গে দলটির সাংগঠনিক ভিত শক্তিশালী করা সম্পর্কে তারা আলোচনা করেন । এই বৈঠকের প্রাক্-মূহূর্তে দলের রাজ্য সভাপতি শ্রী গগৈ সাংবাদিকদের জানান যে কংগ্রেস দল আসামের জনসাধারণের কল্যাণের স্বার্থে , স্থানীয় মানুষের জমির পাট্টার জন্য এবং সংখ্যালঘুদের নিরাপত্তার জন্য লড়াই করবে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের বেশ কয়েকটি জেলায় জাপানীজ এনকেফেলাইটিস রোগের প্রাদুর্ভাব বৃদ্ধি পাবার পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য বিভাগ কার্যকর ব্যাবস্থা গ্রহণ করেছে । বিভাগের তথ্য অনুসারে এই রোগে আক্রান্ত হয়ে রাজ্যে এপর্যন্ত ২৬ জন লোকের মৃত্যু হয়েছে । বরাক উপত্যকার মোট ২৫০ জন লোক সহ আপার আসাম ও লোয়ার আসামের বেশ কয়েকটি জেলার লোক এই রোগে আক্রান্ত হয়েছেন বলে সরকারী সূত্রে জানানো হয়েছে । স্বাস্থ্য বিভাগ ঔষধযুক্ত মশারী বিতরণ করা সহ প্রতিষেধক স্প্রে করা , ধোঁয়া দেওয়া এবং সচেতনতা কার্যসূচী অব্যাহত রেখেছে । এই রোগের প্রাদুর্ভাব বৃদ্ধি পাবার প্রতি লক্ষ্য রেখে জনসাধারণকে সাবধানতামূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য জেলাগুলির স্বাস্থ্য বিভাগ আহ্বান জানিয়েছে ।

-----------------------------------------------------------------------------------

সরকার সংসদের বর্ষাকালীন অধিবেশনের আগে আগামী রবিবার এক সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে ।বৈঠকে সরকার সংসদের উভয় সভার কাজ কর্ম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সব রাজনৈতিক দলের সহযোগীতা কামনা করবে । সংসদের বর্ষাকালীন অধিবেশন আগামী ২১ শে জুলাই আরম্ভ হবে ও শেষ হবে ২১ শে আগষ্ট । এই অধিবেশনের সময়কালে বেশ কয়েকটি গুরুত্বপূর্ন বিল নিয়ে সভায় আলোচনা করা হবে ।

-----------------------------------------------------------------------------------

জাতীয় শিক্ষানীতির সংগে সংগতি রেখে কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ ( সি বি এস ই ) সব বিদ্যালয়ে প্রাথমিক পর্যায়ে মাতৃভাষা বাধ্যতামূলক করার জন্য নির্দেশনা জারি করেছে । এসম্পর্কে সি বি এস ইর পঞ্জীয়ক ড: প্রজ্ঞা এম সিং সব বিদ্যালয় প্রধানদের

একটি পত্র প্রেরণ করেছেন । পত্রে উল্লেখ করা তথ্য অনুযায়ী আনুষ্ঠানিক শিক্ষা আরম্ভ হোয়ার সময় ছাত্র ছাত্রীদের ঘরোয়া ভাষা , মাতৃভাষা বা অন্যান্য আঞ্চলিক ভাষা শিক্ষার মাধ্যম হিসেবে বাধ্যতামূলক করা হয়েছে । শিক্ষার্থীরা বিদ্যালয় পর্যায়ে প্রথম শিক্ষা যাতে মাতৃভাষায় গ্রহণ করতে পারে তার প্রতি লক্ষ্য রেখে কেন্দ্রীয় সরকার জাতীয় শিক্ষানীতির মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত রুপায়নের জন্য সি বি এস ই এই বিজ্ঞপ্তী জারি করেছে । সি বি এস ইর নতুন নির্দেশনা অনুযায়ী মাতৃভাষা মাধ্যম হিসেবে গড়ে তোলার প্রক্রিয়া সম্পূর্ন করার জন্য সব বিদ্যালয়ে গরমের বন্ধ খোলার পর একটি সমিতি গঠন করতে হবে । এছাড়া প্রতিমাসের ৫ তারিখের মধ্যে অগ্রগতির খতিয়ান দাখিল করতে হবে বলে ও নির্দেশনায় বলা হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেলোয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব গতকাল রঙিয়া সংমন্ডলের অধীন বাইহাটা , চাংসারি , কেন্ডুকোনা , আগিয়াঠুরী ও রঙিয়া ষ্টেশন পরিদর্শন করে রেলের পরিকাঠামো নিয়ে পর্যালোচনা করেন । তিনি রেল ষ্টেশনগুলির যাত্রীদের সুযোগ সুবিধা , রেল চলাচলের সুরক্ষা ব্যবস্থা ও সিগনেলিং পরিকাঠামোর খোজ নেন । শ্রীবাস্তব বাইহাটায় নতুন গতিশক্তি কাগো টার্মিনেলের উন্নয়ন কাজের অগ্রগতির ও খোজ নেন । এই টার্মিনেলে তিনধরণের নির্দিষ্ট সামগ্রীর জন্য পৃথক রেল লাইন, দুটি মালবাহী রেলগাড়ীর প্লেটফর্ম ও মালবাহী ট্রাক থেকে সামগ্রী তোলা ও নামানোর জন্য বিশেষ রেম্পের ব্যবস্থা করা হয়েছে । বাইহাটা কাগো টার্মিনেল কার্যক্ষম হয়ে উঠলে এর থেকে প্রতিমাসে ২৫ টি মালবাহী রেলগাড়ীর থেকে সামগ্রী তোলা ও নামানো যাবে ।

এদিকে গতকাল রঙিয়া ষ্টেশন পরিদর্শনকালে অঞ্চলটির বেশ কিছু যাত্রী সংগঠনের প্রতিনিধি চেতন শ্রী বাস্তবের সংগে দেখা করার অনুমতি দেওয়া হয়নি বলে অভিযোগ করেছে ।

---

ডিমা হাসাও জেলার মাহুর পুলিশ থানার অর্ন্তগত হাংগ্রুম গ্রামে নির্মিয়মান জাতীয় সড়কে আজ সকালে ভূমি ধ্বসের ফলে এক জনের মৃত্যু এবং সাতজন আহত হয়েছেন । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে গতকাল রাতে অত্যধিক বৃষ্টির ফলে দুই লেনের জাতীয় সড়ক নির্মান কাজে যূক্ত শ্রমিক একজনের মৃত্যু হয়েছে এবং ৭ জন শ্রমিক আহত হয়েছে । এরমধ্যে দু জনের অবস্থ্য আংশকা জনক থাকায় তাদেরকে হাফলং সিভিল হাসপাতালে ভর্তি করা হয়েছে । স্থানীয় জনগন এবং দূর্যোগ মোকাবিলা বিভাগের সাহায্যে উদ্ধার অভিযান অব্যাহত রয়েছে ।

---

ভারতীয় বিমান বাহিনীতে অগ্নিবীর বায়ু ও মেডিকেল অ্যাসিসটেন্ট পদে যোগ দিতে অনলাইন দরখাস্ত আহ্বান করা হয়েছে । অগ্নিবীর বায়ু পদের জন্য ভারতীয় নাগরিক অবিবাহিত পুরুষ ও মহিলা প্রার্থী যারা অংক ,পদার্থ বিদ্যা ও ইংরেজীতে ৫০ শতাংশ নম্বর নিয়ে দ্বাদশ শ্রেণী উর্ত্তীন এবং যাদের  জন্ম ২০০5 সালের দোসরা জুলাই থেকে ২০০৯ সালের দোসরা জানুয়ারীর মধ্যে হয়েছে , তারা আবেদন করতে পারবেন । অগ্নিবীর বায়ু পদে রেজিষ্ট্রেশনের জন্য ওয়েব পোর্টালে আগামী ৩১শে জুলাই রাত ১১টার মধ্যে আবেদন করতে হবে । এদিকে মেডিকেল অ্যাসিসটেন্ট পদে ডিপ্লোমা বা ফার্মাসিতে স্নাতক অবিবাহিত পুরুষ প্রার্থীর জন্ম ২০০২ সালের দোসরা জুলাই থেকে ২০০৭ সালের দোসরা জুলাই মধ্যে এবং বিবাহিত প্রার্থীদের ২০০২ সালের দোসরা জুলাই থেকে ২০০5 সালের দোসরা জুলাইর মধ্যে হতে হবে । এতে ওয়েব পোর্টাল www.airmenselection.cdac.in  এর মাধ্যমে আগামী ৩১শে জুলাই রাত ১১টার মধ্যে রেজিষ্ট্রেশন করতে হবে । বিশদ বিবরন ওয়েব পোর্টালে পাওয়া যাচ্ছে ।

---

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচরে আনুষ্ঠানিকভাবে ডিজি -সি এফ আর সি ( কমিউনিটি ফেসিলিটেশন এন্ড রির্সোস সেন্টার )-এর আজ উদ্বোধন হয়েছে । শিলচরের একটি হোটেলে আয়োজিত সভায় স্বাগত বক্তব্য রাখতে গিয়ে অতিরিক্ত আয়ুক্ত রক্তিম বড়ুয়া জানান যে ডিজি -সি এফ আর সি -এর লক্ষ্য হল দূর্যোগ ব্যবস্থাপনা সহজতর করা এবং সরকারী প্রকল্পগুলো জনগনের কাছে সহজে পৌছে দেওয়া ।

---

হাইলাকান্দির এস কে রায় সিভিল হাসপাতালে আজ একটি ক্যান্সার স্ক্রিনিং সেন্টারের উদ্বোধন করা হয়েছে । হাইলাকান্দির জেলা উন্নয়ন আয়ুক্ত এল্ডার্ড ফাইরেম , স্বাস্থ্যবিবাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত লাইহেলু খেনতে , সিভিল হাসপাতালের সুপার ডা:দেবব্রত দত্ত ও ক্যান্সার বিশেষজ্ঞ ডা:ফুলকুমারী তালুকদার এই সেন্টারটির উদ্বোধন করেন । অত্যাধুনিক সুবিধাসম্পন্ন এই সেন্টারটি খোলার ফলে জেলার ক্যান্সার রোগীদের শণাক্ত করে প্রাথমিক চিকিৎসা সম্ভব হবে বলে উপস্থিত অতিথিরা জানান । তারা আরো জানান যে হাইলাকান্দিতে ক্যান্সার রোগি শণাক্ত হলে তাদের চিকিৎসা আয়ুষ্মান ভারত কার্ডের মাধ্যমে শিলচরের টাটা ট্রাস্টের ক্যান্সার সেন্টারে বিনামূল্যে করা যাবে । জেলা উন্নয়ন আয়ুক্ত এল্ডার্ড ফাইরেম আমাদের সংবাদদাতাকে জানান-----

----------------বাইট-------------

---------------------------------------------------------------------------------------------

গৌহাটী ক্রীড়া সংস্থার উদ্যোগে রাজ্যের ১৯ বছর অনূর্ধ্ব একটি ১৭ জনের ফুটবল দল এমাসের শেষের দিকে স্পেনে যাবে । এই দলটি স্পেনের মারভেলো ফুটবল ক্লাবে ১৪ দিনের প্রশিক্ষণ গ্রহণ করবে । এই দলটিতে ৭০ তম বরদলৈ ট্রফি ফুটবল প্রতিযোগীতায় ভালো প্রদর্শন করা বেশকয়েকজন খেলোয়াড়কে অর্ন্তভুক্ত করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় এভারেষ্ট ক্লাব সি ৪-২ গোলে সনবাড়ী এফ সি-দলকে পরাজিত করেছে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় ইয়ুথ ব্লোমিং ক্লাব খেলবে চিখুর এফ সি-দলের বিরুদ্ধে ।

---------------------------------------------------------------------------------------------